গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জনের কার্যালয়
হবিগঞ্জ।
www.cs.habiganj.gov.bd

স্মারক নং- ৪৫.০১.৩৬০০.১৮৯.০০৪.১১.০০৫৯.২৬-৩৪৬৮

তারিখ: ১৩ কার্তিক ১৪৩৩ / ২৯ অক্টোবর ২০২৬

নিয়োগ আদেশ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং- স্বাসেবি/প্রশা-১/এডি/১সি-০২/২০১২-১৪৩৮ তারিখ: ১৭ মে ২০২৫ খ্রিঃ মূলে প্রাপ্ত ছাড়পত্র মোতাবেক সিভিল সার্জনের কার্যালয়, হবিগঞ্জ ও তার নিয়ন্ত্রনাধীন স্বাস্থ্য প্রতিষ্ঠান সমূহের সরাসরি নিয়োগযোগ্য ১১-২০ গ্রেডের (পূর্বতন ৩য় ও ৪র্থ শ্রেণি) শূন্য পদে জনবল নিয়োগের লক্ষ্যে সিভিল সার্জনের কার্যালয়, হবিগঞ্জ এর স্মারক নং- সিসাহবি/শা-৪/নিয়োগ-২৫/৪৪৩৭, তারিখ: ০১/০৯/২০২৫ খ্রি. মূলে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে সিভিল সার্জনের কার্যালয়, হবিগঞ্জ এর স্মারক নং- ৪৫.০১.৩৬০০.১৮৯.০০৪.১১.০০৪৯.২৬-২৫৭১, তারিখ: ১৫ আগষ্ট ২০২৬ মূলে চূড়ান্তভাবে নির্বাচিত নিম্নে বর্ণিত প্রার্থীদের পুলিশ ভেরিফিকেশনে কোনো বিরুপ মন্তব্য না থাকায় ও স্থায়ী ঠিকানা সঠিক থাকায় তাদের নামের পার্শ্বে উল্লেখিত প্রতিষ্ঠানে জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী ২০তম গ্রেডের ৮২৫০-২০০১০/- টাকা এবং জাতীয় বেতন স্কেল-২০২৬ অনুযায়ী ২০তম গ্রেডের ২০০০০-৪৮৪০০/- টাকা স্কেলে সরকার কর্তৃক প্রচলিত অন্যান্য ভাতাদিসহ **''অফিস সহায়ক''** এর শূণ্য পদে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হলো।

ক্র. নং	রোল নং	নিয়োগপ্রাপ্ত প্রার্থীর নাম, পিতার নাম ও মাতার নাম	স্থায়ী ঠিকানা	নিয়োগকৃত/পদায়নকৃত প্রতিষ্ঠানের নাম
০১	24531600417	জনাব রহমত আলী পিতা: মোঃ তৈয়ব আলী মাতা: সুকেরা বেগম	গ্রাম: গাংধার, ডাকঘর: স্নানঘাট, উপজেলা: বাহুবল, জেলা: হবিগঞ্জ	উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চুনারুঘাট, হবিগঞ্জ
০২	24531600319	জনাব মোঃ আশিক খান পিতা: মোঃ তুরাব আলী খান মাতা: মোছাঃ রৌশনারা খানম	গ্রাম: উমেদনগর, ডাকঘর: হবিগঞ্জ, উপজেলা: হবিগঞ্জ সদর, জেলা: হবিগঞ্জ	উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ
০৩	24531600457	জনাব প্রাণতোষ দাস পিতা: পন্ডিত রবি দাস মাতা: কাজল রবি দাস	গ্রাম: ইটাখোলা, ডাকঘর: সায়হামনগর, উপজেলা: মাধবপুর, জেলা: হবিগঞ্জ	উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, চুনারুঘাট, হবিগঞ্জ
০৪	24531600270	জনাব বিপুল চন্দ্র দাস পিতা: বিমল চন্দ্র দাস মাতা: পুষ্প রানী দাস	গ্রাম: কাটাখালী, ডাকঘর: পাহাড়পুর, উপজেলা: আজমিরীগঞ্জ, জেলা: হবিগঞ্জ	উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ

শর্তাবলী:

১) এই নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রদান করা হলো।
২) যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে। যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছর পর্যন্ত শিক্ষানবিশ হিসেবে চাকুরিকাল গন্য হবে।
৩) চাকুরীতে যোগদানের সময় সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যগত সনদপত্র যোগদানপত্রের সহিত দাখিল করতে হবে।
৪) স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে কোন বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করতে পারবেন।
৫) যোগদানের সময় পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ সকল সনদপত্রের মূল কপি প্রদর্শনপূর্বক সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
৬) কর্তৃপক্ষের অনুমতি ব্যতিত একাধারে ৯০ দিন কর্মে অনুপস্থিত থাকিলে কোন পূর্ব নোটিশ ছাড়াই চাকুরী হতে অপসারণ করা হইবে।
৭) সরকারি আদেশ বা সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয় সে সমস্ত পরীক্ষায় উর্ত্তীণ না হলে এবং প্রশিক্ষণ গ্রহন না করলে চাকুরিতে স্থায়ী করা হবে না।
৮) কোটায় নিয়োগপ্রাপ্তদের কোটা প্রাপ্যতা যদি ভবিষ্যতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক বাতিল হয়, তাহলে তাদের এই নিয়োগ বাতিল বলে গন্য হবে।
৯) স্থায়ী ঠিকানা ও নিয়োগে উল্লেখিত তথ্য সর্ম্পকে ভবিষ্যতে কোন গরমিল উত্থাপিত ও প্রমাণ হলে এ নিয়োগ বাতিল বলে গন্য হবে।
১০) বাংলাদেশের নাগরিক নহেন এমন কোন লোকের সহিত বিবাহ বন্ধনে আবদ্ধ হলে বা আবদ্ধ হয়েছেন মর্মে পরবর্তীতে প্রমানিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল বলে গন্য হবে।

[চলমান পাতা-০২]

১১) এ নিয়োগপত্রে সুনির্দিষ্ট ভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে এ নিয়োগ প্রক্রিয়া সরকারের প্রচলিত আইন, আদেশ বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধিবিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।

১২) শিক্ষানবিশকালে আচরণ ও কাজের মান সন্তোষজনক না হলে নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই এ নিয়োগ ০১ (এক) মাসের নোটিশ দ্বারা বাতিল করতে পারবে। যোগদানের পর নিয়োগপ্রাপ্ত প্রার্থী চাকরি হতে পরিত্যাগ করতে চাইলে ০১ (এক) মাস পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষ বরাবর আবেদন করতে হবে অথবা ০১ (এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে।

১৩) নিয়োগ প্রাপ্ত প্রার্থীদেরকে আগামী ১১ নভেম্বর ২০২৬ খ্রিঃ তারিখ পদায়নকৃত কর্মস্থলে যোগদান করতে হবে। নির্ধারিত তারিখে যোগদান করতে ব্যর্থ হলে এ নিয়োগ বাতিল বলে গন্য হবে।

১৪) যোগদানের সময় এই নিয়োগপত্রের মূলকপি প্রদর্শন পূর্বক এর ফটোকপি স্ব-স্ব পদায়নকৃত কর্মস্থলে দাখিল করতে হবে।

১৫) বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের ছাড়পত্র দাখিল করতে হবে।

১৬) চাকুরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৭) জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারি করা হলো।

29/10/26
(ডা. রত্নদীপ বিশ্বাস)
সিভিল সার্জন
হবিগঞ্জ
ফোন: ০২৯৯৬৬০৬০০২।
ই-মেইল: habiganj@cs.dghs.gov.bd

স্মারক নং- ৪৫.০১.৩৬০০.১৮৯.০০৪.১১.০০৫৯.২৬-৩৪৬৮/১৩

তারিখ: ১৩ কার্তিক ১৪৩৩ / ২৯ অক্টোবর ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হলো:

০১। সচিব, অর্থ মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণ : সচিব মহোদয়ের একান্ত সচিব।
০২। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা। দৃষ্টি আকর্ষণ : উপসচিব, প্রশাসন-১ শাখা।
০৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২। দৃষ্টি আকর্ষণ : সহকারী পরিচালক (সমন্বয়)।
০৪। পরিচালক (প্রশাসন/অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
০৫। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), সিলেট বিভাগ, সিলেট।
০৬। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, হবিগঞ্জ।
০৭। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চুনারুঘাট/শায়েস্তাগঞ্জ, জেলা- হবিগঞ্জ। আপনার প্রতিষ্ঠানে নিয়োগপ্রাপ্ত কর্মচারীর যোগদানপত্র গ্রহণ করতঃ যোগদানপত্র সহ নির্দেশনা মোতাবেক অন্যান্য সকল কাগজপত্র ০১ (এক) সেট ফটোকপি যথাসময়ে অত্র কার্যালয়ে প্রেরনের জন্য অনুরোধ করা হলো। কোন কর্মচারী যথাসময়ে যোগদান না করলে তা অত্র কার্যালয়কে অবহিত করার জন্য বলা হলো।
০৮। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, চুনারুঘাট, হবিগঞ্জ ।
০৯। **জনাব .....,** **পিতা: .....** **মাতা: .....**

স্থায়ী ঠিকানা: গ্রাম: ....., **ডাকঘর: .....,** **উপজেলা: .....,**

জেলা: হবিগঞ্জ।

29/10/26
(ডা. রত্নদীপ বিশ্বাস)
সিভিল সার্জন
হবিগঞ্জ
ফোন: ০২৯৯৬৬০৬০০২।